

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটের কার্যালয়
রাজশাহী।

আদেশ নং- ২৩

তারিখঃ ১৮/০৪/২০১৭ ইং

অত্র মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেসীতে কর্মরত সহকারী রেকর্ড কীপার বেগম আলপনা রানী কর্মকার তাহার নিকটতম আত্মীয়-স্বজনদের সঙ্গে দেখা-শুনা করা ও ঐতিহাসিক স্থান পরিদর্শনের উদ্দেশ্যে ভারত গমনের নিমিত্ত আবেদন করিলে মাননীয় মহানগর দায়রা জজ, রাজশাহী মহোদয়ের গত ১৬/০৪/২০১৭ খ্রিঃ তারিখে ৯৩ নম্বর আদেশ এবং একই তারিখের ১১৬ নম্বর স্মারক মূলে সহকারী রেকর্ডকীপার বেগম আলপনা রানী কর্মকারকে ০২/০৫/২০১৭ খ্রিঃ হইতে ১৩/০৫/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত অথবা যাত্রার তারিখ হইতে ১২(বার) দিনের জন্য ভারত গমনের অনুমতি প্রদান করিয়াছেন। সেই মোতাবেক সহকারী রেকর্ডকীপার বেগম আলপনা রানী কর্মকার আগামী ০২/০৫/২০১৭ খ্রিঃ হইতে ১৩/০৫/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ১২(বার) দিনের পূর্ণ গড় বেতন অর্জিত ছুটির প্রার্থনা করিয়াছেন। তাহার ছুটি প্রাপ্যতা সম্পর্কে হিসাব রক্ষকের প্রতিবেদন দেখিলাম। হিসাব রক্ষকের প্রতিবেদন দৃষ্টে প্রতীয়মান হয় যে, দরখাস্তকারীর ২১০ (দুইশত দশ) দিন পূর্ণ গড় বেতনে অর্জিত ছুটি পাওনা আছে। এমতাবস্থায় মাননীয় মহানগর দায়রা জজ, রাজশাহী মহোদয়ের আদেশের আলোকে সহকারী রেকর্ড কীপার বেগম আলপনা রানী কর্মকারকে ১৯৫৯ সনের ছুটি বিধান ৩(১)(ii) বিধি অনুযায়ী তাহাকে ০২/০৫/২০১৭ খ্রিঃ হইতে ১৩/০৫/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ১২(বার) দিনের পূর্ণ গড় বেতনে অর্জিত ছুটি মঞ্জুর করত" সেনা মসজিদ চেকপোস্ট, চাঁপাইনবাবগঞ্জ, দিয়া ভারত গমনের অনুমতি প্রদান করা হইল।

হিসাব রক্ষক অত্র ছুটি তাহার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিবেন।
সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হউক।

স্বাক্ষরিত/ =

১৮/০৪/২০১৭

(মোঃ মিজানুর রহমান)

চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট
রাজশাহী।

স্মারক নং- ২২৪ (৫) - ২

তারিখঃ ১৮/০৪/২০১৭ ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইল :

- ১। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, রাজশাহী।
- ২। ভারপ্রাপ্ত জজ, হিসাব শাখা, চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত, রাজশাহী।
- ৩। ইমিগ্রেশন অফিসার, সোনা মসজিদ চেকপোস্ট, চাঁপাইনবাবগঞ্জ।
- ৪। বেগম আলপনা রানী কর্মকার, সহকারী রেকর্ড কীপার, চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত, রাজশাহী।
- ৫। আদেশ বহি/অফিস কপি।


১৮/০৪/১৭

মোঃ মিজানুর রহমান
চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট
রাজশাহী।